

জাতীয় সংগীত

আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি।
চিরদিন তোমার আকাশ (২ বার), তোমার বাতাস, আমার প্রাণে (ও মা আমার প্রাণে) বাজায় বাঁশি।।
(সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি)

ও মা, ফাগুনে তোর আমার বনে ঘ্রাণে পাগল করে,
মরি হয়, হয় রে-
(ও মা, ফাগুনে তোর আমার বনে ঘ্রাণে পাগল করে)
ও মা, অঘ্রাণে তোর ভরা ক্ষেতে (কী দেখেছি) আমি কী দেখেছি মধুর হাসি।।
(সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি)

কী শোভা, কী ছায়া গো, কী স্নেহ, কী মায়া গো-
কী আঁচল বিছায়েছ বটের মূলে, নদীর কূলে কূলে।

মা, তোর মুখের বাণী আমার কানে লাগে সুধার মতো,
মরি হয়, হয় রে-
(মা, তোর মুখের বাণী আমার কানে লাগে সুধার মতো)
মা, তোর বদনখানি মলিন হলে (আমি নয়ন), ও মা, আমি নয়ন জলে ভাসি।।
(সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি)

প্রভাতী প্রার্থনা

হে পরম করুণাময় সৃষ্টিকর্তা
আমাদের উপর কল্যাণ বর্ষণ করুণ।
রোগ, জরা, ব্যাধি থেকে আমাদের রক্ষা করুন।
লোভ, হিংসা, দুর্নীতি ও পরশ্রীকাতরতা থেকে মুক্ত রাখুন।
আমরা যেন নিজেকে উন্নীত করতে পারি
স্বার্থপরতা থেকে পারার্থপরতায়
কুপমন্ডকতা থেকে আলোকিত মানসিকতায়
সংকীর্ণতা থেকে উদারতায়, নৈতিকায় ও মানবিকতায়।
হে করুণাময়,
আমরা যেন কাজ করতে পারি দেশের এবং বিশ্বের কল্যাণের জন্য
সবার উপরে যেন স্থান দিতে পারি জনস্বার্থকে।